15

দৈনিক বাংলা

তারিখ 14 JAN 1997
পৃঃ ১ কলাম ১

# মেডিক্যাল কলেজে ভর্তির জন্য এবার মৌখিক পরীক্ষা নেয়া হবে না

**স্টাফ রিপোর্টার ঃ** সরকারী মেডিক্যাল কলেজসমূহে ভর্তির জন্য এবার কোন মৌখিক পরীক্ষা নেয়া হবে না। কেবলমাত্র লিখিত পরীক্ষার ফল এবং এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেডিক্যাল কলেজে ভর্তি করা হবে।

আগামী সপ্তাহ থেকে সরকারী মেডিক্যাল কলেজে ভর্তিচ্ছুদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করা হবে। সংবাদপত্রে বিজ্ঞাপনের মাধ্যমে এই আহ্বান জানান হবে। ঈদুল ফিতরের পর প্রার্থীদের লিখিত পরীক্ষা নেয়ার সম্ভাবনা রয়েছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে যে, যেসব

(৮-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## মেডিক্যাল কলেজে

(প্রথম পৃষ্ঠার পর)

প্রার্থী এসএসসি ও এইচএসসি পরীক্ষায় কমপক্ষে ১৩০০ নম্বর পেয়েছেন কেবলমাত্র তারাই সরকারী মেডিক্যাল কলেজে ভর্তির আবেদনের জন্য বিবেচিত হবেন। তবে উপজাতীয় প্রার্থীরাও ১২০০ নম্বর গেলে আবেদন করতে পারবেন। এছাড়া মুক্তিযোদ্ধা সন্তানদের জন্য ১৫টি আসন সংরক্ষিত থাকবে।

সংশ্লিষ্ট সূত্রের আরো খবর ঃ ভর্তির জন্য প্রত্যেক প্রার্থীকে ১০০ নম্বরের লিখিত পরীক্ষা দিতে হবে। এছাড়া, এসএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের শতকরা ৪ ভাগ ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বরে শতকরা ৬ ভাগ হিসাবে মোট ১০০ নম্বর ধরা হবে। এই ২০০ নম্বরের ভিত্তিতে প্রত্যোক প্রার্থীকে চূড়ান্তভাবে বাছাই করা হবে। ১০০ নম্বরের লিখিত পরীক্ষা এমসিকিউ (মালটিপল চয়েজ অব কোশ্চেন) পদ্ধতিতে হবে। এ পরীক্ষায় পদার্থ, রসায়ন জীববিদ্যা, সাধারণ জ্ঞান ও ইংরাজী অন্তর্ভূক্ত থাকবে।

স্বাস্থ্য মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত একটি কমিটির এক সভায় সর্ব সম্মতিক্রমে সরকারী মেডিক্যাল কলেজসমূহে ভর্তির এই নীতিমালা প্রণীত হয়।

নীতিমালা অনুযায়ী দেশের ১৩টি সরকারী মেডিক্যাল কলেজে ১৪৫০ জন ছাত্রছাত্রী ভর্তি করা হবে।

কলেজগুলোর অর্থাৎ ঢাকা মেডিক্যাল কলেজ, সলিমুল্লাহ, চট্টগ্রাম, ময়মনসিংহ, রাজশাহী, সিলেট, বরিশাল ও রংপুর মেডিক্যাল কলেজের প্রত্যেকটিতে ১৫০ জন করে এবং নতুন বগুড়া , দিনাজপুর, খুলনা, কুমিল্লা ও ফরিদপুর এই পাঁচটি মেডিক্যাল কলেজের প্রত্যেকটিতে ৫০ জন করে ভর্তি করা হবে। ভর্তির আবেদনপত্র পরীক্ষা এবং চূড়ান্ত ফল কম্পিউটারের মাধ্যমে করা হবে।

এর আগের বছরগুলোতে সরকারী মেডিক্যাল কলেজে ভর্তিতে মৌখিক পরীক্ষা ছিল বাধ্যতামূলক। ফলে এই মৌখিক পরীক্ষার মাধ্যমে বিশেষ একটি গোষ্ঠীর আশীর্বাদপুষ্টরা মেডিক্যাল কলেজে ভর্তির সুযোগ পেয়েছে বলে অভিযোগ রয়েছে।

উল্লেখ্য, প্রতি বছর সরকারী মেডিক্যাল কলেজে ভর্তির জন্য হাজার হাজার প্রার্থী আবেদন করে। এনিয়ে তুলকালাম পড়ে যায়। একমাত্র গত বছরই সরকারী মেডিক্যাল কলেজে ভর্তির জন্য প্রায় ৪০ হাজার প্রার্থী আবেদন করেছিল। আবেদনকারীদের সবাই অত্যন্ত মেধাবী এং তাদের সবাই এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ হওয়া। এবারও অনুরূপ সংখ্যক ছাত্রছাত্রী আবেদন করতে পারে বলে স্বাস্থ্য অধিদফতরের সংশ্লিষ্ট কর্মকর্তাদের অভিমত।

স্বাস্থ্য মন্ত্রণালয়ের একজন উর্ধ্বতন কর্মকর্তা এবারের মেডিক্যাল কলেজে ভর্তির নয়া নীতিমালা সম্পর্কে বলেন, মৌখিক পরীক্ষা উঠিয়ে দেয়ায় এই পরীক্ষার মাধ্যমে যারা সত্যিকারভাবে যোগ্য তারাই সুযোগ পাবেন। কারো প্রভাব খাটানোর সুযোগ থাকবে না।